

প্রিয় পরিবারবর্গ,

সেই নভেম্বর 2020-এর পর থেকে এই প্রথমবারের মত আমরা সম্প্রতি হাই স্কুল ভবনগুলো পুনরায় খুলেছি, এবং আমাকে বলতেই হবে যে স্কুল ভবনগুলোতে প্রবেশের সময় আমাদের শিক্ষার্থীদের আনন্দিত চেহারাগুলো চমৎকার লেগেছে। সকল বয়সী শিক্ষার্থীদের নিরাপদে সশরীরে ক্লাসরুমে শিক্ষা গ্রহণ করতে দেখে আমরা অত্যন্ত উদ্দীপিত।

সেজন্য আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে এই শিক্ষা বছরে আমাদের সকল রিমোট পরিবারদের এখন মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং শুরু করার আরো একটি সুযোগ রয়েছে। এর অর্থ হচ্ছে যে যদি আপনার সন্তান বর্তমানে প্রতিদিন দূর থেকে বা রিমোটভাবে শিখছে, তবে অবশিষ্ট শিক্ষা বছরের জন্য সে স্কুল ভবনে সপ্তাহের অন্তত কিছু অংশ সশরীরে শিক্ষা গ্রহণ বেছে নিতে পারে। যতগুলো দিন সশরীরে শিক্ষা দেয়া সম্ভব আমরা তা প্রদানের জন্য সকল প্রচেষ্টা করবো।

**মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং কখন ও কীভাবে বেছে নেয়া যাবে**

- বুধবার, 24 মার্চ থেকে, আপনার সন্তানের জন্য মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিতে আপনি শিক্ষা গ্রহণে প্রাধান্য সংক্রান্ত জরিপটি (লার্নিং প্রিফারেন্স সার্ভে) পূরণের জন্য <https://www.nycenet.edu/surveys/learningpreference> - সাইটটি দেখতে পারেন।
- পরিবারেরা 311 নম্বরেও ফোন করতে পারেন।
- আপনি বুধবার, 7 এপ্রিল পর্যন্ত মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিতে পারেন।

**আপনার সন্তান কখন স্কুল বিল্ডিংয়ে পুনরায় ফিরে আসবে?**

- ডিস্ট্রিক্ট 75 সহ, ডিস্ট্রিক্ট 3-K, প্রি-K, এবং K-5 গ্রেডের শিক্ষার্থীরা, এই বেছে নেয়ার নির্ধারিত সময়সীমার মধ্যে যারা মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিয়েছে তারা এপ্রিলে বিল্ডিংয়ে ফিরে আসবে।
- 6-12 গ্রেডের শিক্ষার্থীবৃন্দ যারা এই বেছে নেয়ার নির্ধারিত সময়সীমার মধ্যে যারা মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিয়েছে তারা পরবর্তী একটি তারিখে ফিরে আসবে, এবং আমরা যত শীঘ্রই সম্ভব আরো তথ্য প্রদান করবো।
- সর্বসম্প্রতিক তথ্য <https://www.schools.nyc.gov/coronavirus> -সাইটে প্রকাশ করা হবে।

**স্কুল ভবনে পুনরায় ফিরে আসার জন্য আবশ্যিক শর্তাবলী**

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, যদি আপনি আপনার সন্তানের জন্য মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিয়ে থাকেন, তবে আপনার সন্তানে সশরীরে শিক্ষার প্রথম দিনের মধ্যে আপনাকে অবশ্যই এলোমেলোভাবে বেছে নিয়ে COVID-19 পরীক্ষা করতে দেয়ার সম্মতির ফর্মটি জমা দিতে হবে। আপনি আপনার সম্মতি পত্রটি নিম্নলিখিত দুইটির যেকোন একটি উপায়ে জমা দিতে পারেন:

- আপনার নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট ([NYCSA](https://www.nycenet.edu))-এর মাধ্যমে, 'Manage Account' (অ্যাকাউন্ট ব্যবস্থাপনা)-এর অধীনে, অথবা
- [এখানে](https://www.nycenet.edu) প্রাপ্ত সম্মতি ফর্মটি পূরণ ও স্বাক্ষর করুন, এবং আপনার সন্তান স্কুল বিল্ডিংয়ে ফিরে আসার প্রথম দিন তার সাথে স্কুলে পাঠিয়ে দিন।

যেসব পরিবার মিশ্র শিক্ষা বা ব্লেণ্ডেড লার্নিং বেছে নিয়েছে, তাদের সন্তানেরা সময়সূচিকৃত দিনগুলোতে সশরীরে উপস্থিত হবে বলে প্রত্যাশিত।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, যদি আপনার সন্তান বর্তমানে পুরোপুরি দূর থেকে বা রিমোটভাবে শিখছে এবং আপনি যদি মিশ্র শিক্ষা বা ব্লেণ্ডেড লার্নিংয়ের প্রতি আগ্রহ প্রকাশ করে জরিপটি পূরণ না করেন, তবে আপনার সন্তান বা সন্তানরা পুরোপুরি দূর থেকে বা রিমোট-এ বহাল থাকবে।

আমরা পুরোপুরি দূর থেকে শিক্ষা গ্রহণকারী শিক্ষার্থীদের বিল্ডিংয়ে সশরীরে শেখা বেছে নেয়ার এই বাড়তি সুযোগ অফার করতে সক্ষম হচ্ছি কারণ U.S. সেন্টারস্ ফর ডিজিজ্ কন্ট্রোল (CDC) তাদের পথনির্দেশনা হালনাগাদ করেছে, যা একটি ক্লাসরুমে অধিকতর শিক্ষার্থীদের নিরাপদে পরিষেবা দিতে আমাদের সুযোগ দিয়েছে। বরাবরের মতই, আপনাদের সন্তানরা, তাদের পরিষেবা প্রদানকারী নিবেদিত প্রাণ স্টাফগণ, এবং তাদের পরিবার হিসেবে আপনি—আপনাদের স্বাস্থ্য ও সুরক্ষা আমাদের প্রাধান্য। এটা প্রথম দিন থেকেই আমাদের প্রাধান্য, এবং আমরা যাই করি না কেন তা অব্যাহতভাবে আমাদের পথ নির্দেশনা দেবে।

আমাদের কঠোর স্বাস্থ্য ও সুরক্ষার চর্চাগুলোর কারণে—এতে রয়েছে মাস্ক পরিধান, হাত পরিষ্কার-পরিচ্ছন্নতা, এলোমেলোভাবে বেছে নিয়ে সাপ্তাহিকভাবে করা COVID-19 পরীক্ষণ বা টেস্টিং, এবং আরো কিছু—পুরো সিটির মাঝে সবচেয়ে নিরাপদ স্থানগুলোর মধ্যে রয়েছে আমাদের স্কুল ভবনগুলো।

বরাবরের মতই, আপনার বিশ্বাস ও অংশীদারিত্বের জন্য আপনাকে ধন্যবাদ। আমাদের এক মিলিয়ন শিক্ষার্থীদের নিরাপদে শিক্ষা দানের ক্ষেত্রে কী সম্ভব তা আমরা অব্যাহতভাবে পুরো দেশকে দেখাচ্ছি—এবং আপনাদের ছাড়া এটা করা সম্ভব হতো না। আপনার অঙ্গীকারের জন্য আপনাকে ধন্যবাদ এবং বিনিময়ে, আমি কথা দিচ্ছি যে আপনার সন্তানের প্রতি আমাদের অবিচল অঙ্গীকার রয়েছে।

বিনীত,

মিষা পোর্টার রস (Meisha Porter Ross)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর